

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০১

অমরপুর, ২৫ মে, ২০২৪

অমরপুর মহকুমায় নজরুল জন্মজয়ন্তী

অমরপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ কাঁঠালবাগানস্থিত নজরুল পার্কে নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অমরপুর নগর পঞ্চায়েত ও বিদ্যাসাগর সংঘের সহায়তায় আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক দেবাঞ্জলি রায়, বরিষ্ঠ তথ্য আধিকারিক দয়াল মজুমদার, গোমতী জেলা প্রেস ক্লাবের সম্পাদক প্রাণময় সাহা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ নজরুলগীতি ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*